দৈনিক ইনকিলাব

65

তারিখ ... ...JAN. 1 7. 2000 ...
পৃষ্ঠা ৬ কলাম ৬

# তরুণী লাঞ্ছনার ঘটনায় ঢাকা ভার্সিটির ছাত্র টুটুল বহিষ্কার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ থার্টিফার্স্ট নাইটে টিএসসিতে তরুণী লাঞ্ছনার ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আরো একজন ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করেছে। বহিষ্কৃত ছাত্রের নাম খান মেজবাউল আলম টুটুল।

গতকাল (রবিবার) অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের তথ্যানুসন্ধান কমিটির এক জরুরী সভায় টুটুলকে বহিষ্কারের সিদ্ধান্ত নেয়া হয়। টুটুলের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে অনুরোধ করা হয়েছে। পুলিশ গত শুক্রবার রাতে টুটুলকে শহীদুল্লাহ হল থেকে গ্রেফতার করে।

এদিকে জানা গেছে, টুটুল শহীদুল্লাহ হল শাখা ছাত্রলীগের একজন নেতা। তাকে নিয়মিত ছাত্রলীগের মিছিল-সমাবেশে দেখা যেত।